



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

উপবৃত্তি অগ্রাধিকার
জরুরী



স্মারক : ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২/২).২০২১-১৬৪৯

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯ ব.
০৮ জুন ২০২২ খ্রি.

বিষয়: ২০২১-২২ অর্থবছরে রাজস্ব ব্যবস্থাপনায় G2P পেমেন্ট সিস্টেমে উপবৃত্তি সুবিধাভোগী মা/অভিভাবকের মোবাইল একাউন্টে উপবৃত্তির অর্থ বিতরণের নিমিত্ত BACS & iBAS++ স্কিম কর্তৃক প্রস্তুতকৃত PESP MIS পোর্টালে ডাটা এন্ট্রির ক্ষেত্রে সুবিধাভোগীর জাতীয় পরিচয়পত্র (NID)নম্বর এন্ট্রিকরণ প্রসঙ্গে।

- সূত্র: (১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২).২০২১-১৬২১, তারিখ: ০৫/০৪/২০২২
(২) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২).২০২১-১৬৩১, তারিখ: ১২/০৫/২০২২
(৩) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের BACS & iBAS++ এর স্মারক নং- ০৭.০০.০০০০.০০০.৬৪.১৩৮.২১-১৭৫৯, তারিখ: ৩১/০৫/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতায় রাজস্ব ব্যবস্থাপনায় উপবৃত্তি সুবিধাভোগী মা/অভিভাবকদের মোবাইল একাউন্টে ২০২১-২২ অর্থবছরের উপবৃত্তির অর্থ বিতরণের নিমিত্ত অর্থ বিভাগের BACS & iBAS++ স্কিম কর্তৃক প্রস্তুতকৃত PESP MIS পোর্টালে সুবিধাভোগী শিক্ষার্থী ও অভিভাবকদের ডাটা এন্ট্রির কার্যক্রম পাইলটিং পর্যায়ে সমাপ্ত হয়েছে এবং গত ১৬/০৫/২০২২ তারিখ থেকে সারাদেশের সুবিধাভোগী শিক্ষার্থী ও অভিভাবকদের ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে প্রায় ৮৪ লক্ষ সুবিধাভোগী শিক্ষার্থী ও অভিভাবকদের ভেলিডেটেড ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। যে সকল সুবিধাভোগী শিক্ষার্থীর মা, বাবা উভয়ের NID নাই কিন্তু উপবৃত্তি প্রাপ্য সে সকল শিক্ষার্থীর অভিভাবকের ডাটা অর্থ বিভাগের BACS & iBAS++ স্কিম কর্তৃক প্রস্তুতকৃত PESP MIS পোর্টালে এন্ট্রির ক্ষেত্রে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

- (ক) মা অথবা বাবা উভয়ই জীবিত থাকলেও তাদের মধ্যে একজনের NID আছে এ ধরনের শিক্ষার্থী ও অভিভাবকের উপবৃত্তির অর্থ প্রদানের জন্য তথ্য পোর্টালে এন্ট্রি দেয়া যাবে।
(খ) মা ও বাবা উভয়ই মৃত হলে- উপবৃত্তির অর্থ প্রদানের জন্য শুধুমাত্র বৈধ অভিভাবকের NID থাকলে তথ্য পোর্টালে এন্ট্রি দেয়া যাবে।
(গ) মা, বাবা উভয়ই জীবিত কিন্তু কারোরই NID নাই এধরনের শিক্ষার্থী ও অভিভাবকের উপবৃত্তির অর্থ প্রদানের জন্য তথ্য পোর্টালে এন্ট্রি দেয়া যাবে না। তবে NID সংগ্রহের জন্য প্রচেষ্টা গ্রহণ করতে হবে, যাতে কোন শিক্ষার্থী উপবৃত্তি থেকে বঞ্চিত না হন।

০২। এমতাবস্থায়- যেসকল শিক্ষার্থীর মা, বাবা উভয়ের NID না থাকার কারণে PESP MIS পোর্টালে ডাটা এন্ট্রি করা সম্ভব হয়নি তাদের তথ্য ৩নং সূত্রোক্ত স্মারক ও উপর্যুক্ত সিদ্ধান্ত অনুযায়ী অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের BACS & iBAS++ স্কিম কর্তৃক প্রস্তুতকৃত PESP MIS পোর্টালের নতুন এন্ট্রি স্কিনে- এন্ট্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়ের অনুমোদন রয়েছে।

(মোঃ বদিয়ার রহমান)
পরিচালক (যুগ্ম সচিব)
আইএমডি ও উপবৃত্তি
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

..... উপজেলা/থানা, জেলা।


dirpesd.dpe@gmail.com

স্মারক : ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২).২০২১-১৬৪৯

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯ ব.
০৮ জুন ২০২২ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।)
৩. মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৪. অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৫. পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৬. জনাব বিলকিস জাহান রিমি, প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর (যুগ্ম সচিব), BACS & iBAS++ স্কিম, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (PESP MIS পোর্টালের নতুন এন্ট্রি স্ক্রিন ডাটা এন্ট্রির নিমিত্ত খুলে দেয়ার অনুরোধসহ)।
৭. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় উপ-পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা,বিভাগ।
৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),..... জেলা।
১০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
১১. অফিস কপি।


পরিচালক (যুগ্ম সচিব)
আইএমডি ও উপবৃত্তি
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর